

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 26-03-2025

Time: 07:55-08:05 PM Hrs

BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) রাজ্য বিধানসভার অধিবেশনে আজ তিনটি সংশোধনী বিল গৃহিত হয়।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা আজ বিধানসভায় বিরোধী দলের সকল সদস্যদের বিধানসভার অবশিষ্ট দিনগুলিতে উপস্থিত থাকার জন্য আহ্বান জানিয়েছেন।
- (৩) বিমস্টেক ভুক্ত দেশগুলির ১৭ সদস্যের প্রতিনিধিদল আজ আগরতলা ইন্টিগ্রেটেড চেকপোস্ট পরিদর্শন করেন।
- (৪) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরন চক্রবর্তীর স্মৃতি টি-২০ ক্রিকেটে সংহতি ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে।

Assembly-Bill:

রাজ্য বিধানসভার অধিবেশনে আজ তিনটি সংশোধনী বিল গৃহিত হয়। বিলগুলি হল দ্য সোসাইটিস রেজিস্ট্রেশন সংশোধনী বিল ২০২৫, দ্য ত্রিপুরা কো-অপারেটিভ সোসাইটিস সংশোধনী বিল ২০২৫ এবং দ্য ত্রিপুরা এক্সাইস পঞ্চম সংশোধনী বিল ২০২৫।

Assembly-Wolkout

রাজ্য বিধানসভা অধিবেশনে আজ প্রশ্নোত্তর পর্ব শেষ হবার পর পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ একটি স্বাধিকার ভঙ্গের নোটিশ উত্থাপন করেন। স্বাধিকার ভঙ্গের নোটিশটি ছিল একটি সংবাদপত্রের বিরুদ্ধে। অধ্যক্ষ এই নোটিশটি প্রিভিলিজ কমিটিতে পাঠিয়ে দেন। অপরদিকে, বিরোধী দলনেতা জিতেন চৌধুরীও আজ বিধানসভায় পরিষদীয় মন্ত্রীর বিরুদ্ধে একটি স্বাধিকার ভঙ্গের প্রস্তাব উত্থাপন করতে চাইলে অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন তা খারিজ করে দেন। অধ্যক্ষ বলেন, বিধানসভা পরিচালন বিধি অনুযায়ী, একটি নির্দিষ্ট অধিবেশনে একাধিক স্বাধিকার ভঙ্গের অভিযোগ উত্থাপন করা যায় না। অধ্যক্ষের এই ঘোষণার প্রতিবাদ জানিয়ে সিপিআইএম দলের বিধায়করা অধ্যক্ষের আসনের সামনে গিয়ে ধর্না দেন ও পরে সভাকক্ষ ত্যাগ করে চলে যান।

এরপর, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী এক সাংবাদিক সম্মেলনে অধ্যক্ষ ও ট্রেজারী বেঞ্চের ভূমিকার সমালোচনা করেন। তিনি বলেন, চলতি বিধানসভা অধিবেশনের বাকি দিনগুলি প্রধান বিরোধী দল সিপিআইএম-এর সদস্যরা বয়কট করবেন।

CM- Appeal:

মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা আজ বিধানসভায় বিরোধী দলের সকল সদস্যদের বিধানসভার অবশিষ্ট দিনগুলিতে উপস্থিত থাকার জন্য আহ্বান জানিয়েছেন। মুখ্যমন্ত্রী বলেন, যেকোন ধরনের সমস্যা আলোচনার মাধ্যমে সমাধান সম্ভব। তাই গণতন্ত্রকে শক্তিশালী করতে বিরোধীদের বিধানসভার অধিবেশনের দিনগুলিতে অংশগ্রহণ করা অবশ্যই প্রয়োজন।

CM-Education:

মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা বলেছেন, রাজ্যে ছাত্রছাত্রীদের উন্নত শিক্ষা প্রদান করার জন্য শিক্ষা দপ্তরের পক্ষ থেকে ব্যাপক পদক্ষেপ নেওয়া হয়েছে। এর অঙ্গ হিসেবে গত ৫টি আর্থিক বছরে রাজ্যে বুনিয়াদি শিক্ষা অধিকারের অধীনে বিভিন্ন স্তরের মোট ৪,৬৫৬ জন শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হয়েছে। আজ বিধানসভায় বিধায়ক শ্যামল চক্রবর্তীর এক প্রশ্নের উত্তরে তিনি এ তথ্য জানান।

মুখ্যমন্ত্রী জানান, শিক্ষক-শিক্ষিকাদেরকে স্বল্প খরচে, নিজের হাতে শিক্ষণ শিখন সহায়ক উপকরণ তৈরিতে এবং ব্যবহারে উৎসাহিত করতে রাজ্যে দ্বিতীয়বারের মতো আয়োজন করা হয় রাজ্যস্তরীয় শিক্ষণ-শিখন সহায়ক উপকরণ প্রদর্শনী এবং প্রতিযোগিতা। এই প্রদর্শনীতে ১৬০টিরও বেশি জেলাস্তরে নির্বাচিত শিক্ষণ-শিখন সহায়ক উপকরণ প্রদর্শিত হয় এবং সব মিলিয়ে প্রায় ৭ হাজার শিক্ষক-শিক্ষিকা এতে অংশগ্রহণ করেন।

BIMSTEC:

বাংলাদেশ, ভূটান, ভারত, মায়ানমার, নেপাল, শ্রীলঙ্কা ও থাইল্যান্ডকে নিয়ে গঠিত বিমস্টেক ভুক্ত দেশগুলির ১৭ সদস্যের প্রতিনিধিদল আজ বাংলাদেশ সীমান্তে আগরতলা ইন্টিগ্রেটেড চেকপোস্ট পরিদর্শন করেন। বিমস্টেকের বাণিজ্য সক্ষমতা বৃদ্ধি সুবিধার দ্বিতীয় কর্মসূচীর অংশ হিসেবে তাদের এই সফর।

প্রতিনিধিরা ইন্টিগ্রেটেড চেকপোস্টে বাণিজ্য ও পণ্য চলাচল ব্যবস্থা, জিরো লাইন এবং যাত্রী সুবিধাসহ অন্যান্য বিষয়ে খোঁজ খবর করেন।

পরিদর্শন শেষে ইন্ডিয়ান কাউন্সিল ফর রিসার্চ অন ইন্টারন্যাশনাল ইকোনমিক রিলেশনসের সহকারী গবেষক নির্লিপ্ত রথ সাংবাদিকদের বলেন, আগরতলা স্থলবন্দর একটি প্রধান সংযোগকারী পয়েন্ট। ভারত একটি প্রধান ট্রানজিট

পয়েন্ট হিসেবে কাজ করতে পারে। তিনি বলেন, ভারত একক উইন্ডো সিস্টেম, বৈদ্যুতিন ডেটা ইন্টারফেস, ই-কমার্স এবং সবুজ বাণিজ্য সুবিধার মতো বাণিজ্য সুবিধার পাশাপাশি ডিজিটাইজেশনের ক্ষেত্রে নেতৃত্ব দিচ্ছে।

Assembly-Discussion:

রাজ্য বিধানসভার অধিবেশনে আজ ২০২৫-২৬ অর্থবছরে প্রস্তাবিত বাজেটের উপর আলোচনায় অংশগ্রহণ করে বিধায়ক মাইলাফু মগ বলেন, প্রস্তাবিত বাজেটে কৃষি ও কৃষকদের আর্থিক মানোন্নয়ন সহ গ্রামীণ অর্থনীতিকে আরও শক্তিশালী করার দিশা নির্দেশ রয়েছে। বিধায়ক অন্তরা দেব সরকার বেকারদের কর্মসংস্থানের ক্ষেত্রেও সরকারের দৃষ্টিভঙ্গির প্রশংসা করেন। বিধায়ক সুশান্ত দেব বলেন, এই বাজেট জনমুখী।

বিধায়ক চিত্তরঞ্জন দেববর্মা রাজ্যের গ্রামীণ এলাকার উন্নয়নে এই বাজেটে পর্যাপ্ত অর্থ বরাদ্দ করা হয়েছে বলে সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, এই বাজেটে সার্বিক উন্নয়নের দিশা পরিস্ফুট।

বিধায়ক জিতেন্দ্র মজুমদার বলেন, এই বাজেটে কৃষির উপর যেভাবে গুরুত্ব দেওয়া হয়েছে তাতে আগামী দিনে কৃষকদের মাথাপিছু আয় আরও বাড়বে।

বিধায়ক বিরজিৎ সিনহা বাজেটের বিরোধিতা করে বলেন, ধলাই, উনকোটি ও উত্তর জেলায় জল সেচের অভাব রয়েছে। কৈলাশহরের বিমানবন্দরটি পুনরায় চালু করার জন্য দাবি জানান।

বিধায়ক কিশোর বর্মণ, স্বপ্না দেববর্মা, স্বপ্না দাস পাল আগামী অর্থ বছরে প্রস্তাবিত বাজেট রাজ্যের সার্বিক বিকাশের দিকে লক্ষ্য রেখেই প্রণয়ন করা হয়েছে।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Amit Shah:

কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ লোকসভায় বলেন যে ত্রিভুবন সহকারী বিশ্ববিদ্যালয় বিল ২০২৫ গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করবে এবং স্ব-কর্মসংস্থান সৃষ্টি এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের উন্নয়নে সহায়তা করবে। তিনি সংসদে বিলটির উপর বিতর্কের জবাবে একথা বলেন। মন্ত্রী বলেন যে এই বিলের মাধ্যমে সমবায় ক্ষেত্রে উদ্ভাবন এবং গবেষণা ও উন্নয়নকে উৎসাহিত করা হবে। পাশাপাশি, দেশে আধুনিক শিক্ষার সঙ্গে একটি সমবায় নেতৃত্ব থাকবে। মন্ত্রী বলেন গুজরাটে আমূলের প্রতিষ্ঠাতা ত্রিভুবন ভাই প্যাটেলের নামে, ত্রিভুবন সহকারী বিশ্ববিদ্যালয়টির নামকরণ করা হয়েছে।

এর আগে, আলোচনার সূচনা করেন কংগ্রেসের জেনিবেন নাগাজি ঠাকুর। তিনি বলেন, গুজরাটে প্রথম সমবায় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হওয়া গর্বের বিষয়। জেপির মিতেশ প্যাটেল বলেন, ক্ষুদ্র কৃষকদের ক্ষমতায়নের জন্য সহযোগিতা

একটি গুরুত্বপূর্ণ উপায়। সমাজবাদী পার্টির বীরেন্দ্র সিং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং পরিচালনা পর্ষদের নিয়োগের মানদণ্ড নিয়ে প্রশ্ন তোলেন।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সূচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নমঃ APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Workshop:

কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্রে আজ স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন কাজকর্ম নিয়ে আলোচনা হয়। আলোচনায় জেলা শাসক দিলীপ কুমার চাকমা বলেন, স্বাস্থ্য ক্ষেত্রের বিশাল পরিধি রয়েছে। জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে স্বাস্থ্য পরিকাঠামোগত উন্নতি বিধানে কাজ চলছে। আয়ুষ্সান ভারত -প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা, মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় স্বাস্থ্য বীমা'র সুযোগ পাওয়া যাচ্ছে।

বক্তব্য রাখেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, স্বাস্থ্য দপ্তরের নোডাল অফিসার ডাঃ অয়ন রায় প্রমুখ। উপস্থিত ছিলেন,

উনকোটি জেলার সি,এম,ও ডাঃ শীর্ষেন্দু চাকমা সহ স্বাস্থ্য, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পদস্থ আধিকারিকরা। ত্রি-স্তর পঞ্চায়েত, পুর পরিষদ সহ নির্বাচিত জনপ্রতিনিধিদের নিয়ে এই কর্মশালার আয়োজন করা হয়।

Blood Donation:

সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার তৈবান্দাল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আজ এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর, সোনামুড়া মহকুমা ও তৈবান্দাল হুকুম বদলের উদ্যোগে আয়োজিত এই রক্তদান শিবিরের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাপতি পিন্টু আইচ। উপস্থিত ছিলেন যুব বিষয়ক ক্রীড়া দপ্তরের সিপাহীজলা জেলা আধিকারিক সমীর দেববর্মা, বিশিষ্ট সমাজসেবী বিপুল মজুমদার, ক্রীড়া দপ্তরের সোনামুড়া মহকুমা আধিকারিক মধুসূদন দেববর্মা প্রমুখ। উদ্বোধনী ভাষণে সহকারী সভাপতি বলেন সুস্থ থাকার জন্য খেলাধুলা অত্যন্ত আবশ্যিক। যুব সমাজের প্রতি তিনি লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা ও সাংস্কৃতিক চর্চায় যুক্ত থাকার আহ্বান জানান। রক্তদান শিবিরে মোট ১৫ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

Chairman Highcourt:

হাইকোর্ট লিগ্যাল সার্ভিসেস কমিটির চেয়ারম্যান হলেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি সব্যসাচী দত্ত পুরকায়স্থ। আজ রাজ্য আইন সেবা কর্তৃপক্ষ এই সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি জারি করেছে। শ্রী দত্ত পুরকায়স্থ বিচারপতি অরিন্দম লোধের অবসরে যাওয়ার পর স্থলাভিষিক্ত হলেন।

BANGLADESH:

আগরতলা বাংলাদেশ সহকারী হাইকমিশনারের উদ্যোগে সার্কিট হাউস সংলগ্ন দূতাবাস কার্যালয়ে আজ বাংলাদেশের স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করা হয়। এই উপলক্ষে কার্যালয় প্রাঙ্গণ সকালে আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেন সহকারী হাইকমিশনার আরিফ মোহম্মদ। উপস্থিত ছিলেন হাইকমিশনের দ্বিতীয় সচিব এস এম আলমাস হোসেন সহ অন্যান্য কর্মীরা। অনুষ্ঠানে মুক্তিযোদ্ধাদের স্মৃতিচারণ, বাংলাদেশের রাষ্ট্রপতি, প্রধান উপদেষ্টা ও পররাষ্ট্রমন্ত্রীর বার্তা পাঠ করা হয়। পরে দিনটির তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন সহকারী হাইকমিশনার। তিনি ত্রিপুরার এবং সমস্ত ভারতবর্ষের জনগণকে শুভেচ্ছা জানান।

Assembly- Ration Card:

খাদ্যমন্ত্রী সুনান্ত চৌধুরী জানিয়েছেন, আগামী ১মাসের মধ্যে পুর নিগম এলাকায় দেড় লক্ষ পিভিসি রেশন কার্ড ডিলারদের মাধ্যমে বন্টন করা হবে। আজ বিধানসভায় বিধায়ক নয়ন সরকারের এক প্রশ্নের উত্তরে তিনি এ তথ্য জানান। তিনি জানান কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী রাজ্যে e-kyc রেজিস্ট্রেশন প্রক্রিয়া চলছে।

T-20 Cricket:

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরন চক্রবর্তীর স্মৃতি টি-২০ ক্রিকেটে সংহতি ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। আজ এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনাল খেলায় সংহতি ক্লাব ৩ উইকেটে কসমোপলিটান ক্লাবকে পরাজিত করে। প্রথমে ব্যাট করতে নেমে কসমোপলিটান ক্লাব ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে ১৫০ রান করে। জবাবে সংহতি ক্লাব ১৯ ওভার ২ বল-এ ৭ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়।

Weather:

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়তে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪দশমিক চার ডিগ্রি এবং সর্বনিম্ন আঠার দশমিক চার ডিগ্রি সেলসিয়াস।
